

## মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ নাসিমা আক্তার সাদেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।

স্থানঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, কেশবপুর, যশোর।

তারিখঃ ০৪/১১/২০২১ সময়ঃ বেলা ১১.০০ টা

সদস্যবৃন্দের উপস্থিতি (পৃথক রেজিস্ট্রারে সংরক্ষিত)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। পূর্ববর্তী সভার অগ্রগতি বিষয়ে সভায় উপস্থান করা হয়। সভাপতি সদস্য সচিবকে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর উপস্থাপিত আলোচ্যসূচি পর্যালোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কার্যক্রমের সুপারিশ করা হয়।

ক্রঃ ন	আলোচনার বিষয়	সুপারিশ/ সিদ্ধান্ত
মৎস্য বিভাগ		
১	<u>মৎস্য চাষি প্রশিক্ষণঃ</u> অত্র উপজেলায় চিংড়ি চাষ/ কার্প জাতীয় মিশ্রচাষ / দেশীয় প্রজাতির মাছ চাষের প্রসারতা বৃদ্ধি পেয়েছে কিন্তু চিংড়ি চাষের উন্নত ব্যবস্থাপনা এবং মাছের স্বাস্থ্য ব্যবস্থাপনা বিষয়ক মৎস্য চাষীদের প্রশিক্ষণের প্রয়োজন।	নিরাপদ পদ্ধতিতে ও স্বাস্থ্য সম্মত উপায়ে মাছ চাষের উপর ১০০ জন মৎস্য চাষির প্রশিক্ষণের সুপারিশ করা হলো।
২	<u>এয়ারেটর প্রদানঃ</u> ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় গঠিত সিবিজি সদস্যদের মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দুইটি(এক সেট) এয়ারেটর প্রদান করা হয়েছে।	নির্বাচিত সিবিজি চাষীদের এয়ারেটর সঠিক ব্যবহার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো।
৩	<u>মাছের চান্নি সংস্কারঃ</u> সাতবাড়িয়া মাছ বাজারে চান্নিটি খুব ভোঙ্জুর অবস্থায় আছে এবং জেলা পরিষদ পুকুরের পাড় ভেংগে চান্নিটি ক্ষতিগ্রস্ত করেছে। যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।	পুকুরের পাড় বাধার জন্য চেয়ারম্যান, জেলা পরিষদ, যশোর কে অবহিত করা যেতে পারে এবং চান্নি সংস্কারের জন্য এডিপি থেকে একটি প্রকল্প গ্রহণের সুপারিশ করা হলো।
প্রাণিসম্পদ বিভাগ		
১	<u>জাইকার অর্থায়নে কৃষক প্রশিক্ষণঃ</u> জাইকার অর্থায়নে ২০২০-২০২১ অর্থবছরে ১০৫ জন গবাদী প্রাণি পালনকারী কৃষকদের দুধ ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ করা হবে।	নিরাপদ আমিষ ও দুধের নিশ্চয়তা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ করানোর জন্য সুপারিশ করা হলো।
২	<u>রাস্তা ও পতিত জমিতে উন্নত জাতের ঘাস চাষ প্রকল্প গ্রহণঃ</u> বর্তমানে গরু মোটাজাকরণ একটি লাভ জনক কার্যক্রম। পুষ্টি সমৃদ্ধ উন্নত জাতের ঘাস চাষের খামারীদের উদ্বৃত্ত	পুষ্টি সমৃদ্ধ উন্নত জাতের ঘাস চাষে খামারীদের উদ্বৃত্ত করার জন্য রাস্তা ও পতিত জমিতে প্রকল্প গ্রহণের জন্য সুপারিশ করা হলো।

<p>করা গেলে চাষিদের উৎপাদন খরচ কমানোর পাশাপাশি পুষ্টিযুক্ত মাংস পাওয়া যাবে।</p>	
<p>৩. মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্তঃ</p> <p>মান সম্মত / স্বাস্থ্য সম্মত উপায়ে মাংস প্রক্রিয়াকরণ নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন।</p>	<p>নিরাপদ মাংস উৎপাদন নিশ্চিত করার জন্য উপজেলার মাংস বাজারে মোবাইলকোর্ট পরিচালনার জন্য অনুরোধ করা হলো।</p>

*Hans.*  
০৪/১১/২০২১

(নাসিমা আক্তার সাদেক)  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর  
ও  
সভাপতি  
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি

পত্র নং- ৩৩.০২.৪১৩৮.৫০১.৩৪.০০৪.১৪. ৭২/১(০৬)

তারিখঃ ০৪/১১/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
- ০৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কেশবপুর, যশোর।
- ০৫। চেয়ারম্যান, ত্রিমোহিনী/ মজিদপুর/ সাতবাড়ীয়া, ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর।
- ০৬। অফিস কপি।

*(সজীব সাহা)*

(সজীব সাহা)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
কেশবপুর, যশোর

ও

সদস্য সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি